# ভোলা কালেক্টরেট স্কুল এন্ড কলেজ

ইলিশা সড়ক (পুরাতন বাস স্ট্যান্ড), ভোলা সদর, ভোলা।
EIIN-139851
Email: bholacollectorate.school.college@gmail.cpm

স্মারক নং- ০৫.১০.০৯০০.০০৫.৩১.০০২.২৩. ২৫৯

তারিখ: ২০ চৈত্র ১৪৩০
০৩ এপ্রিল ২০২৪

## :নিয়োগ বিজ্ঞপ্তি:

জেলা প্রশাসন, ভোলা কর্তৃক পরিচালিত ভোলা কালেক্টরেট স্কুল এন্ড কলেজ, ভোলা এর জন্য নিম্নবর্ণিত পদসমূহে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য পদের বিপরীতে উল্লিখিত যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শর্তসাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র:নং | পদের নাম | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | সহকারী শিক্ষক (ইংরেজি) | ০১ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) ডিগ্রি। শিক্ষাজীবনে কমপক্ষে দুইটি প্রথম শ্রেণি/ সমমানের জিপিএ থাকতে হবে। বিএড প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া হবে। | বেতন আলোচনা সাপেক্ষে |
| ০২ | সহকারী শিক্ষক (গণিত) | ০২ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান)ডিগ্রি। শিক্ষাজীবনে কমপক্ষে দুটি প্রথম শ্রেণি/ সমমানের জিপিএ থাকতে হবে। বিএড প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া হবে। | বেতন আলোচনা সাপেক্ষে |
| ০৩ | সহকারী শিক্ষক (ভৌত বিজ্ঞান) | ০১ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পদার্থ বিজ্ঞান/রসায়ন বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) ডিগ্রি। শিক্ষাজীবনে কমপক্ষে দুটি প্রথম শ্রেণি/ সমমানের জিপিএ থাকতে হবে। বিএড প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া হবে। | বেতন আলোচনা সাপেক্ষে |
| ০৪. | অফিস সহকারী কাম হিসাব সহকারী | ০১ | ক) শিক্ষা বোর্ড হতে এইচ.এস.সি (ব্যবসায় শিক্ষা)/সমমান। এইচ.এস.সি (ব্যবসায় শিক্ষা)/সমমানসহ ০৬ (ছয়) মাস মেয়াদি কম্পিউটার ডিপ্লোমাধারী হতে হবে।<br>সমগ্র শিক্ষাজীবনে ০১(এক) টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি/ সমমান গ্রহণযোগ্য হবে না। | বেতন আলোচনা সাপেক্ষে |

**শর্তাবলী:**

০১। আবেদনকারীকে নির্ধারিত চাকরির আবেদন ফরমে স্পষ্টাক্ষরে স্ব-হস্তে পূরণপূর্বক আবেদন করতে হবে। আবেদন ফরম জেলা প্রশাসক, ভোলা এর ওয়েবসাইট (www.bhola.gov.bd) এবং ভোলা কালেক্টরেট স্কুল এন্ড কলেজ, ভোলা এর অফিস হতে সংগ্রহ করে আগামী ৩০-০৪-২০২৪ খ্রি. তারিখের মধ্যে জেলা প্রশাসক, ভোলা ও সভাপতি কালেক্টরেট স্কুল এন্ড কলেজ, ভোলা বরাবর ডাকযোগে বা সরাসরি অফিস চলাকালীন পৌঁছাতে হবে।

০২। প্রার্থীকে অবশ্যই ৩০-০৪-২০২৪ তারিখ সর্বোচ্চ ৩৫ বছর হতে হবে।

০৩। সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা সনদ, নাগরিকত্ব সনদ ও জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি, সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি সত্যায়িত রঙিন ছবি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

০৪। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।

০৫। খামের উপর পদের নাম লিখতে হবে এবং অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ এবং বিলম্বে পাওয়া আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৬। আবেদনের সাথে ভোলা কালেক্টরেট স্কুল, ভোলা এর অনুকূলে রূপালী ব্যাংকের যে কোনো শাখা থেকে ১-৩ নং পদের জন্য ৩০০/- (তিনশত) টাকা মূল্যের এবং ৪নং পদের জন্য ২০০ (দুইশত) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফ্ট (অফেরত যোগ্য) সংযুক্ত করতে হবে।

০৭। আবেদনপত্রের সাথে নিজ ঠিকানা সম্বলিত ১০/-(দশ) টাকা মূল্যের ডাক টিকিটযুক্ত ৪" × ৯" ইঞ্চি সাইজের খাম দাখিল করতে হবে।

০৮। শিক্ষা জীবনের কোন স্তরেই ১-৩ ক্রমিকের ক্ষেত্রে তৃতীয় শ্রেণি/বিভাগ/ গ্রেড গ্রহণযোগ্য নয়।

০৯। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১০। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১। বিএড ডিগ্রিধারী প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা হবে।

১২। কেবল লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে।

০৩/০৪/২০২৪
(সজল চন্দ্র শীল)
উপজেলা নির্বাহী অফিসার
ভোলা সদর, ভোলা
ও
প্রধান শিক্ষক
ভোলা কালেক্টরেট স্কুল এন্ড কলেজ
ভোলা।



CS Scanned with CamScanner

স্মারক নং- ০৫.১০.০৯০০.০০৫.৩১.০০২.২৩. ২৫৩

তারিখ: ২০ চৈত্র ১৪৩০ / ০৩ এপ্রিল ২০২৪

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রদান করা হলো:

০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার বরিশাল বিভাগ, বরিশাল।
০৪। জেলা প্রশাসক ও সভাপতি, ভোলা কালেক্টরেট স্কুল এন্ড কলেজ, ভোলা।
০৫। পুলিশ সুপার, ভোলা।
০৬। সিভিল সার্জন, ভোলা।
০৭। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) ও আহবায়ক, ভোলা কালেক্টরেট স্কুল এন্ড কলেজ নিয়োগ কমিটি, ভোলা।
০৮। উপজেলা নির্বাহী অফিসার, ভোলা সদর/দৌলতখান/বোরহানউদ্দিন/তজুমদ্দিন/লালমোহন/চরফ্যাশন ও মনপুরা, ভোলা।
০৯। নেজারত ডেপুটি কালেক্টর, ভোলা।
১০। সহকারী কমিশনার (ভূমি), ভোলা সদর, ভোলা।
১১। সুপারিনটেনডেন্ট, পিটিআই, ভোলা।
১২। জেলা শিক্ষা অফিসার, ভোলা।
১৩। জেলা প্রাথমিক, শিক্ষা অফিসার, ভোলা।
১৪। সভাপতি/সম্পাদক, প্রেসক্লাব, ভোলা।
১৫। সম্পাদক......................................পত্রিকা, ভোলা। তাঁকে উল্লিখিত বিজ্ঞপ্তিখানা ০৫(পাঁচ) কলামে ১০ ফন্টে সিঙ্গেল স্পেসে ০১(এক) দিন ভিতরের পাতায় প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো। বিজ্ঞপ্তি প্রকাশের পর পত্রিকার (০২)দুই) কপি এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।
১৬। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা।বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
১৭। প্রকাশক ও সম্পাদক......................................পত্রিকা, ভোলা। বিজ্ঞপ্তিটি তার পত্রিকায় সৌজন্য হিসেবে প্রকাশের অনুরোধসহ।

০৩/০৪/২০২৪
উপজেলা নির্বাহী অফিসার
ভোলা সদর, ভোলা
ও
প্রধান শিক্ষক
ভোলা কালেক্টরেট স্কুল এন্ড কলেজ
ভোলা।



CS Scanned with CamScanner